

## পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

“ছাতক সিমেন্ট কোম্পানি লি. এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ  
রূপান্তরকরণ”-শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring)



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়

৬

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২২-২৩ অর্থবছরে “ছাতক সিমেন্ট কোম্পানি লি. এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ডাই প্রসেস এ বৃপ্তাত্তরকরণ-শীর্ষক প্রকল্পের”-শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য নির্ধারিত বাজেটে পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন:

**(ক) পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিষি (ToR):**

০১. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০২. প্রকল্পটি গ্রহণের পূর্বে সমীক্ষা করা হয়েছিল কিনা, এ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৩. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সমিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
০৪. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৫. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৬. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৭. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৮. প্রকল্পের বৃক্তি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃক্তি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
০৯. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাদের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১০. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১১. পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানকে নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য নির্বাচিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি এবং সম্পাদিত কাজের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে (প্রযোজ্য ক্ষেত্রে আবশ্যিকভাবে ল্যাবরেটরি টেস্টিং করতে হবে) সুষ্পষ্ট পর্যবেক্ষণ ও এর আলোকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে হবে;
১২. প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন করা সম্ভব হবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায় হতে প্রাইমারি বা/ও সেকেন্ডারি ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে;
১৩. প্রকল্পের ক্রয়কার্য সম্পাদনে বিদ্যমান সরকারি ক্রয় আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা অনুসন্ধানসহ প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত ও সুনির্দিষ্ট পর্যবেক্ষণ থাকতে হবে;
১৪. প্রকল্প বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন উন্নত পরিবেশের উপর কী কী প্রভাব পরিলক্ষিত হয়েছে সে সংক্রান্ত পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১৫. পরামর্শক প্রতিষ্ঠান যে সব FGD, KIIসহ সরেজমিন পরিদর্শন সম্পর্ক করবেন তার একটি ডিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডি'তে দাখিল করতে হবে;
১৬. প্রকল্প সমাপ্তির পর সৃষ্টি সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১৭. প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
১৮. প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঞ্চিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনে ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
১৯. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্তুষ্টি করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
২০. প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধায়ন কমিটির সভা আয়োজন কর্মসূচিকলনা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
২১. ইন্টারনাল ও এক্সটারনাল অডিট এবং অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি;
২২. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

**(খ) ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:**

ক্রম	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
(১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> <li>গবেষণা/প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩(তিনি) বছরের অভিজ্ঞতা;</li> </ul>
(২)	পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> <li>পরামর্শক/পরামর্শক দলের সদস্যদের বুদ্ধিগৃহিতে, শারিয়িক ও মানসিকভাবে এ কাজে উপযুক্ত হতে হবে।</li> </ul>
	(ক) দলনেতা (Team Leader)	<ul style="list-style-type: none"> <li>সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান অনুরূপ বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিপ্লি;</li> <li>প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিপ্লি অথবা যে কোন সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিপ্লি অথবা উচ্চতর ডিপ্লিখারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ১০(দশ) বছরের কাজের অভিজ্ঞতা;</li> <li>বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্প ব্যবস্থাপনা/পরিবীক্ষণে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> <li>গবেষণা, নমুনায়ন, প্রশ্নপত্র প্রণয়ন, বিভিন্ন ধরণের পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান;</li> <li>ন্যূনতম ১(এক)টি নিবিড় পরিবীক্ষণ/প্রভাব মূল্যায়ন কাজের অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার জ্ঞান, প্রতিবেদন প্রণয়নে অভিজ্ঞতা; প্রতিবেদন উপস্থাপনের সক্ষমতা; এবং</li> <li>সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।</li> </ul>
	খ) কেমিক্যাল ইঞ্জিনিয়ার	<ul style="list-style-type: none"> <li>কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/এ্যাপ্লাইড কেমিস্ট্রি/কেমিস্ট্রি বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিপ্লি</li> <li>এতদসংক্রান্ত উচ্চতর ডিপ্লিখারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৩(তিনি) বছরের অভিজ্ঞতা;</li> <li>কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/এ্যাপ্লাইড কেমিস্ট্রি/কেমিস্ট্রি/পরিবেশ বিজ্ঞান সমজাতীয় বিষয়ে অগ্রাধিকার প্রাপ্ত;</li> <li>সিমেন্ট উৎপাদনে ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস রূপান্তরকরণ কাজে ১(এক) বছরের অভিজ্ঞতা;</li> <li>পাবলিক প্রকিউরমেন্ট এ্যাস্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) এবং e-GP তে কাজ করার অভিজ্ঞতা; এবং</li> <li>কম্পিউটারে বিশেষ দক্ষতা।</li> </ul>
	গ) আর্থ- সামাজিক বিশেষজ্ঞ	<ul style="list-style-type: none"> <li>সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/ সমজাতীয় বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিপ্লি</li> <li>এতদসংক্রান্ত উচ্চতর ডিপ্লিখারীদের অগ্রাধিকার প্রদান করা হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> <li>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার; এবং</li> </ul>

(ঘ) নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র. নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৪ দিনের মধ্যে
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে
৫	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে

(ঙ) ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আরডিপিপি)।

নিবিড় পরিবীক্ষণের (In-depth Monitoring) জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

০১. প্রকল্পের নাম : ছাতক সিমেন্ট কোম্পানি লি. এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ-শীর্ষক প্রকল্প
০২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : শিল্প মন্ত্রণালয়
০৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)
০৪. প্রকল্প এলাকা : ছাতক।

(লক্ষ টাকায়)

০৫. প্রকল্প ব্যয় (লক্ষ টাকায়)		মূল	১ম সংশোধিত
(ক) মোট	:	৬৬৬৮১.৮৩	৮৯০১০.৭২
(খ) জিওবি	:	৬৬৬৮১.৮৩	৮৯০১০.৭২
(গ) প্রকল্প সাহায্য	:	-	-

০৬. বাস্তবায়নকাল		মূল	১ম সংশোধিত
		জানুয়ারি ২০১৬ থেকে ডিসেম্বর ২০১৯	জানুয়ারি ২০১৬ থেকে মার্চ ২০২০

০৭. প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- বিদ্যমান পুরনো অদক্ষ Wet Process পদ্ধতির পরিবর্তে Dry Process পদ্ধতির দৈনিক ১৫০০ মে.টন (বছরে ৪৫০০০০ মে.টন) উৎপাদনক্ষম একটি নতুন জ্বালানী সাময়িকী, পরিবেশবান্ধব ও সর্বাধুনিক প্রযুক্তির ক্লিংকার ফ্যাট্টেরী স্থাপন;
- বিদ্যমান সিমেন্ট ফ্যাট্টেরীর উৎপাদন ক্ষমতা দৈনিক ৫০০ মে.টন ন্যূনতম ১৫ বছর পর্যন্ত ধরে রাখা।

০৮. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- অন্যান্য ভবন অবকাঠামো ব্যয়;
- মোটরযান ক্রয়;
- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়;
- কাচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়।

০৯. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি (জুন ২০২১ পর্যন্ত ক্রমপুঞ্জিত): আর্থিক অগ্রগতি ৪৮৮০৪.৪০ (৫৪.৮৩%) এবং ভৌত অগ্রগতি ৫৮%।

২০২১/২২  
মোঃ বলীর আহমেদ  
স্বাস্থ্য পরিকল্পন (বিনিয়োগ পদক্ষেপ সংবিধান  
আইএমইটি, পরিকল্পনা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার